



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৪২৮

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮

০৬ মে ২০২১

বিষয়: **M.V. SHAMBHAVI, M.V. VAYUPUTRA, M.V. SANGI III, M.V. AARTI, M.V. SHOYON 9** বার্জসমূহ হতে সড়ক পথে জারিকৃত ৬৯৬ (+/-) মে.টন সিদ্ধ চাল সড়কপথের পরিবর্তে নৌপথে খুলনা বিভাগের বিভিন্ন এলএসডিতে সূচি জারির অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ২৬/০৪/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৩৯৭ নং স্মারক

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ০৪/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২০.১৯৭৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ নং স্মারকে M.V. SHAMBHAVI, M.V. VAYUPUTRA, M.V. SANGI III, M.V. AARTI, M.V. SHOYON 9 বার্জসমূহে আমদানিকৃত মোট ৯৬৯৬ (+/-) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি জারি করা হয়, যার মধ্যে ৯০০০ মে.টন চাল নৌপথে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে এবং ৬৯৬ (+/-) মে.টন চাল সড়ক পথে খুলনা সিএসডিতে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। পরবর্তীতে সূত্রস্থ ২ নং স্মারকে প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে যে, নৌপথে চাল প্রেরণের ক্ষেত্রে নদীর মাঝে বার্জগুলো রেখে চাল খালাস করা হয়। অপরদিকে সড়ক পথে খালাস করতে হলে ঘাটের জেটিতে বার্জ স্থাপন করতে হয়। উক্ত বার্জগুলির অধিকাংশ চাল নৌপথে প্রেরণের সূচি জারি করায় তা মাঝ নদীতে খালাস করে এরপর জেটিতে এনে সড়ক পথের অংশ খালাস করতে হলে অধিক সময়ের প্রয়োজন। যদি সড়ক পথের অংশের উক্ত চাল নৌপথে প্রেরণ করা যায় তবে বার্জগুলো দ্রুত খালাস করা সম্ভব হবে। খুলনা সিএসডি়র অনুকূলে জারিকৃত সূচির ৬৯৬ (+/-) মে.টন চাল সড়ক পথের পরিবর্তে নৌপথে খুলনা জেলা/বিভাগের বিভিন্ন কেন্দ্রে প্রেরণের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনাকে সূচি জারির অনুমতি প্রদানের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে M.V. SHAMBHAVI, M.V. VAYUPUTRA, M.V. SANGI III, M.V. AARTI, M.V. SHOYON 9 বার্জসমূহে জারিকৃত সড়ক পথে যথাক্রমে ৭৫ (+/-) মে.টন, ১০৫ (+/-) মে.টন, ১০০ (+/-) মে.টন, ১৫৫ (+/-) মে.টন, ২৬১ (+/-) মে.টন সর্বমোট ৬৯৬ (+/-) মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক নৌপথে খুলনা বিভাগের বিভিন্ন এলএসডিতে সূচি জারির মাধ্যমে দ্রুত বার্জের চাল খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৬-৫-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৪২৮/১(৯)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮
০৬ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



৬-৫-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক